

কৃষ্ণনগর উইমেন্স কলেজ

অরবিন্দ সরণী , কৃষ্ণনগর , নদীয়া

NOTICE REGARDING EXAMINATION MODALITIES (BLENDED MODE)

B.A/B.Sc (Hons / Prog.) 5th Semester Examination 2021

কৃষ্ণনগর উইমেন্স কলেজে পাঠরতা যে সমস্ত ছাত্রী বি এ / বি এস সি (অনার্স / প্রোগ্রাম অথবা জেনারেল) ৫ম সেমেষ্টার পরীক্ষা ২০২১ দেবে তাদের নিম্ন-লিখিত বিষয়ে অবগত করা হচ্ছে-

১/ বি এ / বি এস সি (অনার্স / প্রোগ্রাম অথবা জেনারেল) ৫ম সেমেষ্টার পরীক্ষা ২০২১ 'এর সূচী এবং পরিবর্তিত সূচী ইতিমধ্যেই ছাত্রীদের জ্ঞাতার্থে কলেজের ওয়েবসাইটে এবং কলেজের নোটিশ বোর্ডে দেওয়া হয়েছে।

২/ উপরোক্ত পরীক্ষার প্রশ্নপত্র (Question Paper) নির্ধারিত বিষয়ের/পেপারের পরীক্ষার দিনে পরীক্ষা শুরুর ৩০ মিনিট আগে কল্যাণী বিশ্ববিদ্যালয়ের এবং/অথবা কলেজের ওয়েবসাইট থেকে ছাত্রীরা Download করতে পারবে।

৩/ পরীক্ষার্থীকে সাদা A-4 পৃষ্ঠায় (একদিকে) উত্তরপত্র প্রস্তুত করতে হবে। উত্তরপত্র প্রস্তুত করার সময় নিম্ন-লিখিত বিষয় আবশ্যিকভাবে মেনে চলতে হবে

ক) প্রথমে Admit Card এর Scanned PDF কপি দেওয়া বাধ্যতামূলক।

খ) প্রতি পৃষ্ঠার উপরে Admit Card এ থাকা পরীক্ষার নাম , Roll No , Registration No with Session , বিষয়ের নাম এবং পেপার সংখ্যা উল্লেখ করতে হবে।

গ) প্রতিটি পৃষ্ঠায় Page No উল্লেখ বাধ্যতামূলক।

ঘ) পরীক্ষার নির্ধারিত সময় শেষ হওয়ার দুই (২) ঘন্টার মধ্যে PDF Format এ Scan করে এই বিজ্ঞপ্তিতে প্রকাশিত বিষয়ানুযায়ী E-mail ID তে উত্তরপত্র পাঠাতে হবে।

ঙ) উত্তরপত্র প্রেরণ করার ক্ষেত্রে নির্ধারিত সময়সীমা (২ ঘন্টা) কঠোরভাবে মেনে চলা হবে।

চ) নির্ধারিত সময়সীমার পর প্রাপ্ত উত্তরপত্র কোনো অবস্থাতেই বিবেচনা করা হবে না।

৪/ যে সমস্ত পরীক্ষার্থী প্রতিকূলতার কারণে উত্তরপত্র E-mail মারফৎ প্রেরণ করতে পারবে না, তাদের নির্ধারিত বিষয়ের / পেপারের পরীক্ষার পরের দিনই উপযুক্ত কারণ প্রদর্শন সাপেক্ষে পরীক্ষার্থী নিজে অথবা পরীক্ষার্থী অনুমোদিত প্রতিনিধি মারফৎ মুখবন্ধ খামে কলেজের অফিসে অফিস চলাকালীন সময়ে জমা দিতে হবে , কোভিড - ১৯ সংক্রমন বিস্তার-প্রতিরোধী যাবতীয় স্বাস্থ্য-বিধি মেনে। মুখ-বন্ধ খামের উপরে পরীক্ষার নাম , Roll No , Registration No with Session , বিষয়ের নাম এবং পেপার সংখ্যা উল্লেখ করতে হবে।

৫/ Practical / Lab- based বিষয়ের ক্ষেত্রে ও উপরোক্ত পদ্ধতি ও নিয়মাবলী অনুসৃত হবে।

